দামুড়হুদা চিৎলায় বিএনপির কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা সদরে চিৎলায় ওয়ার্ড বিএনপির উদ্যেগে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার সন্ধা ৭ টার দিকে চিৎলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মাঠে এই কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

ওয়ার্ড বিএন পির সভাপতি আব্দুল খালেক খাঁর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় তিনি বলেন, সমাজ থেকে মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের উচ্ছেদ করতে হবে। মাদক উচ্ছেদের ব্যাপারে আইনশৃঙ্খলা বাহিনীর কাছে আমরা অনুরোধ করবো এদিকে আপনারা লক্ষ্য রাখুন আমরা আপনাদের মাদক উচ্ছেদের ব্যাপারে সর্বাত্মক সহযোগিতা করব। সেই সাথে বিএনপি দলের ভেতর কোনো চাঁদাবাজি উচ্ছৃংখল কাউকে স্থান দেওয়া হবে না। বিএনপি একটি শান্তি প্রিয় ও জনগণের আস্থার দল।

কর্মী সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন থানা বিএনপির, যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলি।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বিএনপি নেতা আতিয়ার রহমান চুন্নু, তোতাম মিয়া, শামসুল আলম, টিটন, যুবদল নেতা লিটন, সজল,দামুড়হুদা সদর ইউনিয়ন স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক তারিকুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক তুহিন, ছাত্রদল নেতা সজীব আহমেদ, মামুন প্রমুখ। অনুষ্ঠানটি পরিচালনা করেন থানা বিএনপির সংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম।

ঝিনাইদহে শিক্ষক-কর্মচারী ক্রেডিট ইউনিয়নের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেডের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (১৯ আক্টোবর) সকালে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে দি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লীগ অব বাংলাদেশ লিমিটেড (কাল্ব)’র সহোযোগিতায় প্রতিষ্ঠানটির ১৩ তম সাধারণ সভা অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা শিক্ষক কর্মচারী ক্রেডিট ইউনিয়নের চেয়ারম্যান আলমগীর হোসেনের সভাপতিত্বে ও সেক্রেটারী খুরশিদ মোহাম্মদ সালেহ’র পরিচালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা বিএনপির সভাপতি এ্যাড. এম এ মজিদ।

এসময় বিশেষ অতিথি হিসেবে সদর উপজেলা বিএনপি’র সভাপতি এ্যাড. কামাল আজাদ পান্নু, জেলা সমবায় অফিসার মোঃ জাফর ইকবাল, বাংলাদেশ শিক্ষক সমিতি (বিটিএ) জেলা শাখার সভাপতি মহিউদ্দীন, আব্দুর রউফ ডিগ্রি কলেজের অধ্যক্ষ জি এম রবিউল ইসলাম, সদর উপজেলা সমবায় অফিসার শামিমা নাছরিন ও সদর উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর প্রতিষ্ঠাতা সভাপতি কৃপা সিন্ধু বিশ্বাস প্রমূখ।

সভায় সমিতির বার্ষিক আয়-ব্যয়ের হিসাব সদস্যদের মাঝে তুলে ধরে এর লভ্যাংশ ঘোষণা করা হয়। তাছাড়া সমিতির সদস্যবৃদ্ধি,ঋণ ও সঞ্চয়ের পরিমান বৃদ্ধি করে শিক্ষকদের জীবন মানোন্নয়ন নিয়ে বক্তারা আলোচনা করেন।

চুয়াডাঙ্গায় প্রমিলা ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত: চুয়াডাঙ্গা দলের জয়লাভ

চুয়াডাঙ্গায় প্রমিলা ফুটবল প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) বিকেল চারটায় শহরের পুরাতন স্টেডিয়াম মাঠে এই ফুটবল খেলায় অংশ গ্রহণ করেন চুয়াডাঙ্গার মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমি ও খুলনার এজাজ প্রমিলা ফুটবল একাডেমির এক দল মেয়েরা।

প্রীতি এই ফুটবল খেলায় ২-০ গোলে চুয়াডাঙ্গা দল মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমি জয়লাভ করে চ্যাম্পিয়ন হয়। রানার আপ হয় খুলনা থেকে আসা এজাজ প্রমিলা ফুটবল একাডেমি।

এ খেলায় ম্যান অব দ্য ম্যাচ হয়েছেন মহাতাব ফুটবল একাডেমি দলের খেলোয়ার বিদিশা । চুয়াডাঙ্গার মহাতাব বিশ্বাস ফুটবল একাডেমি এ প্রীতি ফুটবল প্রতিযোগিতার আয়োজন করেন।

খেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আনিসুজ্জামান লালন। মাঠে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তিনি খেলা উদ্বোধন করেন।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক ড. মুন্সি আবু সাইফ, চুয়াডাঙ্গা জেলা প্রেস ক্লাবের সভাপতি অ্যাড. মানিক আকবর, সাধারণ সম্পাদক কামরুজ্জামান সেলিম, রাখি ইলেকট্রনিকস এর মালিক মাসুদ রানা, চুয়াডাঙ্গা মহাতাব বিশ্বাস ফুটবল একাডেমির প্রতিষ্ঠাতা পরিচালক সালাউদ্দিন বিশ্বাস প্রমুখ।

খেলার নির্ধারিত সময়ে চুয়াডাঙ্গা দল খুলনা দলকে ২-০ গোলে পরাজিত করে। এরপর চ্যাম্পিয়ন দল চুয়াডাঙ্গা মহাতাব বিশ্বাস প্রমিলা ফুটবল একাডেমির হাতে বিজয়ী পুরস্কার ট্রফি তুলে দেয়া হয়।

দামুড়হুদায় যুবদলের আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত

দামুড়হুদা মাদ্রাসা ও বেগো পাড়ার যুবদলের আয়োজনে কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) সন্ধ্যা ৭ টার দিকে মাদ্রাসা পড়ার ৪ নং ওয়ার্ডের অস্থায়ী বিএনপি কার্যালয়ে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

৪ নং ওয়ার্ড বিএন পির সভাপতি আশরাফুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা থানা বি এনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

এ সময় তিনি বলেন, আওয়ামীলীগের যারা গা মেলে উড়ে বেড়াচ্ছেন আপনারা মনে রাখবেন আপনাদের অপরাধের সাজা নিতে হবে।আইনী ভাবে আপনাদের বিচারের কাঠগড়ায় দাঁড় করানো হবে। কাউকে ছাড় দেওয়া হবে না।

কর্মী সমাবেশ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন থানা বিএনপির সিনিয়র সহসভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুর রহিম, ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আনসার আলি, উপজেলা যুবদলের যুগ্ন আহবায়ক আরিফুল ইসলাম আরিফ উপজেলা ছাত্র দলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, যুবদল নেতা তারিকুল ইসলাম লিটন।

এ সময় আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা মাদ্রাসা ও বেগো পাড়ার যুবদলের নেতা বাকী বিল্লাহ, সাইদুর রহমান, মিন্টু, বাসার, নয়ন, সাদেক শাহ, জামাল, আবু বক্কর, শাহ আলম, ডাবলু। অনুষ্ঠানটি পরিচালনা করেন ৪নং ওয়ার্ড যুবদলের নেতা ওমর ফারুক।

মেহেরপুরের বন্দর মোড়ে

বিএনপির পথসভা অনুষ্ঠিত

মেহেরপুরের বন্দর মোড়ে জুলাই আগস্ট গণহত্যার বিচারের দাবিতে আজ শুক্রবার বিকেলে পথসভা করেছে আমদহ ইউপির ৩ নাম্বার ওয়ার্ড বিএনপির নেতাকর্মীরা।

পথসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা বিএনপির সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুণ।

এসময় তিনি বলেন, বর্তমান সরকার ছাত্রজনতার স্বপ্নের মধ্যদিয়ে গড়ে উঠেছে। অত্যন্ত সতর্কতার সাথে ঐক্য রাখতে হবে। প্রশাসনের মধ্যে এখনো ঘাপটি মেরে হাসিনা সরকারের প্রেতাত্মা লুকিয়ে আছে। তারা সুযোগ পেলে এ সরকারকে অস্থিতিশীল করতে চায়।

আমদহ ইউপি’র ৩ নাম্বার ওয়ার্ড বিএনপি’র সভাপতি হাবিবুর রহমানের সভাপতিত্বে এসময় বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক ও সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান রোমানা আহমেদ, আমদহ ইউনিয়ন বিএনপি সভাপতি ও সাবেক ইউপি সদস্য মজনু মেম্বার, জেলা জাসাসের সাধারণ সম্পাদক বাকা বিল্লাহ, সদর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক শাহাবুদ্দিন, জেলা স্বেচ্ছাসেবক দলের সভাপতি আব্দুল্লাহ আল মামুন, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, সদর উপজেলা ছাত্রদলের সাবেক সভাপতি শান্ত, যুবদল নেতা খোরশেদ আলম দুখু, জাহাঙ্গীর, সাইদুর, লিমন প্রমূখ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সহ সাংগঠনিক সম্পাদক মোল্লা তামিম হুসাইন।

গাংনীতে জামায়াতের বাছাইকৃত কর্মীদের নিয়ে দিনব্যাপি

শিক্ষা শিবির অনুষ্ঠিত

গাংনীতে পৌর জামায়াতের উদ্যোগে বাছাইকৃত কর্মীদের নিয়ে দিনব্যাপি শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (১৮ অক্টোবর) চৌগাছা দারুল এয়াতিম হলরুমে এই শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

গাংনী পৌর জামায়াতের আমির মাওলানা আব্দুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা শিবিরে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা শাখার আমির মাওলানা তাজউদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা জামায়াতের সেক্রেটারি মোঃ ইকবাল হুসাইন, নায়েবে আমির মোঃ মাহবুবুর রহমান, মেহেরপুর সদর আমির মাহমুদ সোহেল রানা, জেলা মসজিদ মিশনের সভাপতি মাওলানা আব্দুল মজিদ, গাংনী পৌর জামায়াতের সেক্রেটারি মোঃ আহসানুল হক ও সহকারী সেক্রেটারি ওয়েস কুরুনী জামিল।

গাংনী পৌর জামায়াতের বাছাইকৃত কর্মীরা দিন ব্যাপি শিক্ষা শিবিরে অংশ নেন। গতকাল শুক্রবার সকাল ৬ টা থেকে শুরু হয়ে বিকাল ৪ টা পর্যন্ত এই শিক্ষা শিবির চলে।

“তারেক রহমানের মিথ্যা মামলা প্রত্যাহার ও বিচারপতি মোতাহার হোসেনকে ফিরিয়ে আানার দাবি”

তারেক রহমানের নামে ষড়যন্ত্রমূলক মিথ্যা মামলা প্রত্যাহার, বিচারপতি মোতাহার হোসেনকে যথাযোগ্য সম্মান দিয়ে বিচারপতির আসনে বসানো, খুনি হাসিনার বিচার দাবি ও আওয়ামী লীগের

সন্ত্রাসীদের গ্রেপ্তারের দাবিতে গাংনীতে বিরাট গণসমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

কাজিপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে আজ বুধবার (১৬ অক্টোবর) বিকালে গাংনী উপজেলার কাজীপুর ইউনিয়নের পিরতলা সরকারি বিদ্যালয় মাঠে এই গণ-সমাবেশ অনুষ্ঠিত হয়।

কাজীপুর ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক মতিয়ার রহমান মোল্লার সভাপতিত্ব অনুষ্ঠিত গণ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন, গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক ও সাহারবাটি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আসাদুজ্জামান বাবলু।

গণ সমাবেশের প্রধান বক্তা হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা কৃষকদলের আহবায়ক মাহাবুবুর রহমান মাহবুব।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, জেলা কৃষকদলের যুগ্ম আহবায়ক নুরুজ্জামান হকা, প্রধান অতিথির সহধর্মিনী তাজমিরা খাতুন, গাংনী উপজেলা জাসাসের সাধারণ সম্পাদক ও গাংনী পৌর বিএনপির ২ নং ওয়ার্ডের সাধারণ সম্পাদক সুলেরী আলভী, গাংনী উপজেলা কৃষকদলের সভাপতি আমিরুল বারী মোতালেব।

এছাড়া অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবকদলের যুগ্ন সাধারন সম্পাদক ইকবাল হোসেন, মেহেরপুর জেলা ছাত্রদলের সাবেক সভাপতি নাজমুল হুসাইন, কাজীপুর মাথাভাঙ্গা মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও স্থানীয় বিএনপি নেতা কামাল হোসেন (বিএসসি), যুবদলের সাবেক সেক্রেটারী হাবিবুর রহমান, সাহেবনগর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রশীদ, যুবদল নেতা শাহিবুল ইসলাম, ঢাকা বাংলা কলেজ ছাত্রদলের যুগ্ম সাধারণ সম্পাদক রাশেদুজ্জামান রাশেদ, মহিলা দল নেত্রী ও সাবেক মেম্বর সাবিনা ইয়াসমিন, ছাত্রদল নেতা সাইফুল ইসলাম, রেজানুল হক ইমন, রিমন হোসেন, স্বেচ্ছাসেবক দল নেতা ওয়াসিম আকরাম, বিএনপি নেতা জামশেদ আলী, জহুরুল ইসলাম, মজনুর রহমান, আক্তারুজ্জামান মাস্টার, ইলিয়াস হোসেন মাস্টার, বকুল হোসেন, কাজিপুর ইউনিয়ন পরিষদের মেম্বর শাহিন আলী, বিএনপি নেত্রী শুকিলা খাতুন, বকুল আহমেদ, ছাত্রনেতা রেজানুল হক রিমন, শামীম আহমেদ, অ্যাডভোকেট পাভেল, আনারুল ইসলাম মোল্লা প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে আসাদুজ্জামান বাবলু বলেন, এদেশ থেকে স্বৈরাচার হাসিনা ও আওয়ামীলীগের রাজনীতি বন্ধ করতে হবে।

অন্তবর্তিকালীন সরকারের কাছে এই আহবান জানান তিনি। স্বৈরাচারী ও ফ্যাসিবাদী আওয়ামী সরকার বিএনপির হাজার হাজার নেতাকমীর্র নামে মিথ্যা হয়রানিমূলক মামলা দিয়েছে। হাজার হাজার নেতাকর্মীর উপর জুলুম, অন্যায় অত্যাচার করেছে। অন্তবতীর্কালীন সরকারের প্রতি অনুরোধ তাদের কমপক্ষে ১০ বছর যাবত এদেশে রাজনীতি বন্ধ করতে হবে।

তিনি বলেন, ভারত খুনি হাসিনাকে নিয়ে নতুন করে ষড়যন্ত্রে মেতে উঠেছে। এদেশের মানুষ খুনি হাসিনার সেই ষড়যন্ত্র নস্যাত করবে।

তিনি বলেন, ডক্টর ইউনুসের নামে ষড়যন্ত্রমুলক সকল মিথ্যা মামলা প্রত্যাহার হয়ে গেছে। অথচ, এখনো বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমানের বিরুদ্ধে ফ্যাসিস্ট আওয়ামী সরকারের দায়ের করা মিথ্যা ও ষড়যন্ত্রমুলক সব মামলা প্রত্যাহার করা হয়নি। আমরা দাবি জানাচ্ছি অতিবিলম্বে তারেক রহমানের বিরুদ্ধে দায়ের করা সকল মিথ্যা মামলা প্রত্যাহার করে দেশে ফিরে আসার সুযোগ করে দেওয়া হোক। এছাড়া তারেক রহমানের নামের মিথ্যা মামলার রায়ে সাজা দিতে না চাওয়া সেই সৎ ও যোগ্য বিচারপতি মোতাহার হোসেনকে দেশে ফিরিয়ে এনে তাকে যথাযথ সম্মান দিয়ে তার পদ ফিরিয়ে দেওয়া হোক।

তিনি বলেন, বিএনপি একটি সুশৃঙ্খল। গাংনীর কোথাও কোন চাঁদাবাজি ও নাশকতা হবে না। গণ-সমাবেশের শুরুতে জাতীয় সংগীত পরিবেশন করা হয়। পরে সমবেত কন্ঠে গণসঙ্গীত পরিবেশিত হয়।

স্বৈরাচারী সরকারের হাতে নিহত বৈষম্য বিরোধী ছাত্র-জনতার আন্দোলনে নিহত শহীদদের বিদেহী আত্মার ও কাজীপুর ইউনিয়ন বিএনপির প্রয়াত নেতৃবৃন্দের আত্মার মাগফেরাত কামনায় এক মিনিট নিরবতা পালন করা হয়। গণ-সমাবেশে এলাকার হাজার হাজার নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে সদর উপজেলা

জামায়াতের কর্মীদের শিক্ষা শিবির অনুষ্ঠিত

“পড় তোমার প্রভুর নামে যিনি সৃষ্টি করেছেন” মেহেরপুর জামায়াত ইসলামী সদর উপজেলা শাখা কর্মীদের দিনব্যাপী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১৬ই অক্টোবর) সকাল ৯টার সময় কলেজ পাড়া ট্রাস্ট মসজিদে এ কর্মী শিক্ষা শিবির অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা জামায়াত ইসলামীর সেক্রেটারি মোঃ সোহেল রানা সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর কুষ্টিয়া অঞ্চল টিম সদস্য আব্দুল মতিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা জামায়াতের আমির মাওলানা তাজ উদ্দিন খান, মেহেরপুর সদর উপজেলা জামায়াতের সেক্রেটারি মোঃ জাব্বারুল ইসলাম (মাস্টার), পৌর আমির সোহেল রানা ডলার।

এ ছাড়াও আরো উপস্থিত ছিলেন তারবিয়েত সেক্রেটারি মিয়ারুল ইসলাম, উপজেলা ইউনিট সদস্য হাবিবুর রহমান, উপজেলা বায়তুল মাল সম্পাদক মহাসিন আলী, শ্যামপুর ইউনিয়ন আমির মাওলানা মফিজুল ইসলাম, আমঝুপি ইউনিয়ন আমির আলমগীর হোসেন তানসেন।

দামুড়হুদার চন্দ্রবাসে বিএনপির মতবিনিময় সভা অনুষ্ঠিত

দামুড়হুদা উপজেলার নাটুদা ইউনিয়নের চন্দ্রবাস গ্রামে আজ সোমবার সন্ধ্যা ৬ টার দিকে ইউনিয়ন বিএনপির কার্যালয়ে যুবদল নেতা আমানুর রহমানের সভাপতিত্বে ওয়ার্ড বিএনপি, কৃষকদল, সেচ্ছাসেবকদল, যুবদল, ছাত্রদলের নেতাকর্মীদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নাটুদা ইউনিয়ন বিএনপির সাধারন সম্পাদক ওসমান গণি।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বৃহত্তর নতিপোতা ইউনিয়নের সাবেক সাধারন সম্পাদক শহিদুল ইসলাম মোল্লা, ইউনিয়ন কৃষকদলের সভাপতি আব্দুর রশিদ, সাংগঠনিক সম্পাদক সাইফুল ইসলাম, বিএনপি নেতা জাবেদ আলী মেম্বর, নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

এসময় বক্তারা বলেন আমাদের এ বিজয় সাময়িক বিজয়। এ বিজয় ধরে রাখতে হলে আগামীতে চুয়াডাঙ্গা ০২ আসনের বিএনপির অভিভাবক মাহমুদ হাসান খাঁন বাবুকে এমপি করে সংসদে পাঠাতে হবে। জাতীয়তাবাদী দল বিএনপি সরকারে আসলে আমাদের বিজয় অর্জিত হবে। দলকে সুসংগঠিত করতে দিনরাত কাজ করতে হবে। সকলকে ঐক্যবদ্ধ থেকে কাজ করতে হবে। এ সময় আরো উপস্থিত ছিলেন যুবদল নেতা মাসুদ, শহীদ, মিন্টু, ছাত্রদল নেতা এখলাস, ওয়ালিদ, জিহাদ, ইয়াসিন, রাকিব, মহিবুল, সেলিম, তানভীর প্রমুখ। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন নাটুদা ইউনিয়ন ছাত্রদলের সভাপতি জামিউল হাসান।

ঝিনাইদহ জেলা জামায়াতের রুকন সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ জেলা জামায়াতের রুকন সম্মেলন ও নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকাল ৯টায় ঝিনাইদহ আল-হেরা স্কুল মাঠে বাংলাদেশ জামায়াতে ইসলামী ঝিনাইদহ জেলা শাখার আয়োজনে এই সম্মেলন ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহ জেলা জামায়াতে ইসলামীর আমির অধ্যাপক মাওলানা আলী আজম মোঃ আবুবক্কারের সভাপতিত্বে সেক্রেটারি অধ্যাপক মাওলানা আব্দুল আউয়ালের সঞ্চালনায় রুকন সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর যশোর-কুষ্টিয়া অঞ্চল টিমের সদস্য ড.আলমগীর হোসেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন, যশোর-কুষ্টিয়া অঞ্চল টিমের সদস্য অধ্যক্ষ খন্দকার আলী মহসিন।